গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-১৪, ঢাকা
১২/১, বিজয় নগর, ঢাকা।

নথি নংঃ ২-কঃঅঃ-১৪/সঃশাঃ/নিয়োগ ও পদোন্নতি/২০১৯-২০২০/ তারিখঃ ১৪/১০/২০১৯খ্রি.

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অধি শাখা-২(কর)-এর পত্র নং-০৮.০০.০০০০.০৩৭.১১.০২১.১১(অংশ-১)-২৫৪; তারিখঃ ২১/০৪/২০১৯খ্রি. অনুযায়ী প্রাপ্ত ছাড়পত্রের ভিত্তিতে কর কমিশনার, কর অঞ্চল-১৪, ঢাকা এর অধীনে গ্রেড-১৪ থেকে গ্রেড-২০ পর্যন্ত বিভিন্ন শূণ্য পদে সরাসরি কোটায় অস্থায়ী জনবল নিয়োগের লক্ষ্যে ঢাকা বিভাগের অন্তর্গত নিম্নে বর্ণিত জেলাসমূহের প্রকৃত স্থায়ী বাসিন্দাদের নিকট হতে পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী) | শূণ্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | ঢাকা সিভিল ডিভিশনের (ঢাকা বিভাগ) যে সকল জেলার বাসিন্দা/নাগরিকগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ০১। | উচ্চমান সহকারী<br>গ্রেড-১৪<br>(১০,২০০ - ২৪,৬৮০/-) | ০৭(সাত)টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী।<br>(খ) কম্পিউটারে বেসিক ট্রেনিং কার্সে উত্তীর্ণ।<br>(গ) কম্পিউটার Word processing সহ ইমেইল ও ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | ঢাকা সিভিল ডিভিশনের (ঢাকা বিভাগ) ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, শরিয়তপুর, কিশোরগঞ্জ ও টাঙ্গাইল।<br><br>তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ঢাকা বিভাগের সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ০২। | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৪<br>(১০,২০০ - ২৪,৬৮০/-) | ০৩(তিন) টি | (ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) সাঁটলিপি লিখনে গতি প্রতি মিনিটে বাংলায় ৪৫ ও ইংরেজীতে ৭০ শব্দ এবং কম্পিউটারে টাইপিং গতি বাংলায় প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ ও ইংরেজীতে প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ শব্দ। কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। | |
| ০৩। | গাড়ীচালক<br>গ্রেড- ১৬<br>(৯,৩০০ - ২২,৪৯০/-) | ০১(এক) টি | অষ্টম শ্রেণী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং হালকা ও ভারী যানবাহন চালনায় বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী হতে হবে। বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে। | |
| ০৪। | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬<br>(৯,৩০০ - ২২,৪৯০/-) | ০৪(চার) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটারে টাইপিং গতি বাংলায় প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ ও ইংরেজীতে প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। | |
| ০৫। | নোটিশ সার্ভার<br>গ্রেড-২০<br>(৮,২৫০ -২০,০১০/-) | ০২(দুই) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ঢাকা সিভিল ডিভিশনের (ঢাকা বিভাগ) ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী ও কিশোরগঞ্জ।<br><br>তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ঢাকা বিভাগের সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ০৬। | অফিস সহায়ক<br>গ্রেড-২০<br>(৮,২৫০ - ২০,০১০/-) | ০৪(চার) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ০৭। | নিরাপত্তা প্রহরী<br>গ্রেড-২০<br>(৮,২৫০ - ২০,০১০/-) | ০১(এক) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |

**আবেদন ফরম পূরণ ও পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণ করতে হবে:**

০১. ০১-১০-২০১৯ খ্রিষ্টাব্দ তারিখে সাধারণ প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
০২. সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।
০৩. সরকারী নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে এবং সরকার কোটা বিষয়ে যেরূপ সিদ্ধান্ত গ্রহণ করবেন নিয়োগ প্রক্রিয়া সেভাবে সম্পন্ন হবে।
০৪. লিখিত/মৌখিক পরীক্ষার অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ. প্রদান করা হবে না।
০৫. এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
০৬. বিজ্ঞপ্তি পত্রিকা ছাড়াও কর অঞ্চল-১৪, ঢাকা www.taxeszone-14.org ওয়েবসাইটে পাওয়া যাবে।
০৭. উপরে উল্লেখ করা হয়নি কিন্তু প্রযোজ্যতা রয়েছে এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।
০৮. নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
০৯. সার্টিফিকেট, জন্ম তারিখ, জাতীয় পরিচয়পত্র, জন্মস্থান সংক্রান্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রার্থীর যোগ্যতা যাচাইয়ে প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা

চলমান পাতা-০২

অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত সকল সনদের ফটোকপি দাখিল করতে হবে।

ক. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ)।

খ. প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড-এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।

গ. মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি।

ঘ. শারীরিক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং মুক্তিযোদ্ধা কোটার আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পিতা-মাতার/পুত্র-কন্যার পুত্র-কন্যাগণের পিতার পিতা-মাতা/মাতার পিতা-মাতার মুক্তিযোদ্ধার সনদপত্র।

ঙ. আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র কন্যা হলে আবেদন পত্রের সাথে মুক্তিযোদ্ধার সনদপত্র এবং আবেদনকারীর সাথে সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রত্যয়নপত্র।

চ. প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ছ. ক্রমিক নং-৪ এ বর্ণিত গাড়ী চালক পদের প্রার্থীর ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্সের সত্যায়িত অনুলিপি।

জ. জাতীয় পরিচয়পত্র (NID)/জন্ম সনদের সত্যায়িত অনুলিপি।

ঝ. Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy)।

১০. অসম্পূর্ণ/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ এবং চাকুরির বিজ্ঞপ্তিতে প্রকাশিত নূন্যতম যোগ্যতার সাথে যেমন-বয়স, শিক্ষাগত যোগ্যতা, কোটা, জেলা ইত্যাদি যে কোন বিষয়ে অসামঞ্জস্যপূর্ণ তথ্য দ্বারা পূরণকৃত আবেদন নিয়োগের যে কোন পর্যায়ে বাতিল করা হবে। এক্ষেত্রে প্রার্থীর কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১১. **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://tax14.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ২২-১০-২০১৯ খ্রিষ্টাব্দ, সকাল ১০.০০ ঘটিকা।

(ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ১২-১১-২০১৯ খ্রিষ্টাব্দ, বিকাল ০৫.০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদন Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টেড কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ Online আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই) টি SMS করে আবেদন ফি বাবদ ১-৪ নং ক্রমিকের জন্য ১০০/-; টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/- টাকাসহ মোট ১১২/- টাকা এবং ৫-৭ নং ক্রমিকের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা; টেলিটকের সার্ভস চার্জ ০৬/- টাকাসহ মোট ৫৬/- টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online এ পূরণকৃত আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

আবেদনপত্র গ্রহণের সময়সীমা শেষ হওয়ার পর প্রার্থী লিখিত পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন। একই প্রবেশপত্র দিয়ে লিখিত এবং মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।

**উল্লেখ্য যে, পরীক্ষার তারিখ, সময় এবং কেন্দ্রের নাম যথাসময়ে ওয়েবসাইটে (www.taxeszone-14.org)/SMS/পত্রিকায় বিজ্ঞপ্তির মারফত জানানো হবে।**

প্রথম SMS: **TAX14**<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: TAX14 XMSMX3
Reply: Applicant's Name, TK-112/56 will be charged as application fee. Your PIN is 12345678, To pay fee Type TAX14<space>Yes<space>PIN and Send to 16222 নম্বরে।
দ্বিতীয়: SMS: TAX14<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: TAX14 Yes 12345678
Reply: Congratulations Applicant's Name. Payment Completed Successfully for TAX14 Application for (Post Name) User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চলমান পাতা-০৩

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://tax14.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক অনুসরণ করা বাঞ্চনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i)User ID জানা থাকলে TAX14<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: TAX14 Help User ABCDEF
(ii) Pin Number জানা থাকলে TAX14<space>Help<space>PIN<space>PIN Number & Send to 16222.
Example: TAX14 Help PIN 12345678.

(ঝ) Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd বা taxeszone14@yahoo.com ই-মেইলে যোগাযোগ করা যাবে।

০৪/১০/১৭

(মোঃ আব্দুল মালেক)
উপ কর কমিশনার
সদর দপ্তর (প্রশাসন)
কর অঞ্চল-১৪, ঢাকা।
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
কর অঞ্চল-১৪, ঢাকা।